

৩ ছাত্র-ছাত্রীকে একটেলের বৃত্তি  
দেশে বিশ্বমানের আইটি  
বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা  
করতে হবে টেলিযোগাযোগমন্ত্রী

অর্থনৈতিক রিপোর্টার ১ দেশের তথ্য প্রযুক্তি  
তথ্য টেলিফোন শিল্প খাতে দক্ষ  
মানবসম্পদের ঘাটতি পূরণে বেসরকারী  
মোবাইল ফোন কোম্পানী 'একটেল' দরিদ্র ও  
মেধাবী ছাত্র-ছাত্রীদের মালয়েশিয়ার  
বায়ডনামা ১১-এর ৭৪ ১-এর ৯৪ দেখুন



ইনকিলাব ৪ মালয়েশিয়ায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য একটেলের বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রী  
ব্যারিটার আমিনুল হক ও অন্যান্য অতিথিবৃন্দ

**টেলিযোগাযোগমন্ত্রী** ১১-এর পৃষ্ঠার পর  
আইটি বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য  
বৃত্তি প্রদান কার্যক্রম গ্রহণ করেছে। একটেল  
১৯৯৮ থেকে এ পর্যন্ত বাংলাদেশের ১৪ জন  
মেধাবী ও দরিদ্র ছাত্র-ছাত্রীকে মালয়েশিয়ার  
মাল্টিমিডিয়া বিশ্ববিদ্যালয়ে গ্রাজুয়েশন লেভেলে  
অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান করেছে এবং গতকাল  
২০০৫ সালের জন্য আরো তিনজন দরিদ্র ও  
মেধাবী ছাত্র-ছাত্রীকে আনুষ্ঠানিকভাবে বৃত্তির  
চেক হস্তান্তর করেছে। এরা হচ্ছেন- ব্যাচেলর  
অব ইঞ্জিনিয়ারিং বিভাগে শীর্ষ পায়ে ইবনে  
মনজুর, ব্যাচেলর অব আইটিতে নওশীন রাহিজা  
বান ও ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশনে  
ডানজীল আহমেদ। সর্বোদপক্ষে বিজ্ঞাপনের  
মাধ্যমে বাছাই করে এদেরকে নির্বাচিত করা  
হয়। একটেলের বৃত্তি নিয়ে চলতি মাসের  
শেষাধীর্বে এরা উচ্চ শিক্ষার জন্য মালয়েশিয়া  
যাবে। টেলিযোগাযোগমন্ত্রী ব্যারিটার মোহাম্মদ  
আমিনুল হক গতকাল হোটেল পেরাটনে  
আয়োজিত এক অনুষ্ঠানে এদের হাতে বৃত্তির  
চেক তুলে দেন। এ সময় মন্ত্রী প্রধান অতিথির

বক্তব্যে বৃত্তিপ্রাপ্ত মেধাবী তরুণ ছাত্র-ছাত্রীদের  
অভিনন্দন জানিয়ে বলেন, বাংলাদেশে  
টেলিযোগাযোগ তথ্য তথ্য-প্রযুক্তি খাতের দ্রুত  
বিকাশ ঘটছে। এজন্য প্রচুর দক্ষ মানবসম্পদের  
প্রয়োজন। বিশেষ করে চলতি বছরের শেষ দিকে  
বাংলাদেশে সাবমেরিন ক্যাবলের সংযোগ চালু  
হয়ে গেলে তথ্য-প্রযুক্তি খাতের ব্যাপক  
সম্প্রসারণ ঘটবে এবং এক্ষেত্রে প্রচুর দক্ষ  
মানবসম্পদের প্রয়োজন হবে। তাই তথ্য বিদেশী  
বিশ্ববিদ্যালয়ে আমন্ত্রণের তালিকায় ছাত্র-ছাত্রী  
পাঠিয়ে প্রয়োজনীয় দক্ষ মানবসম্পদের অভাব  
পূরণ হবে না। এজন্য দেশেই বিশ্বমানের আইটি  
বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে। আর এ  
ব্যাপারে তিনি ঢাকার অদূরে কালিয়াকর  
দাটাইক পার্কে একটি বিশ্বমানের আইটি  
বিশ্ববিদ্যালয় স্থাপনে মালয়েশিয়াকে এগিয়ে  
আমার আহ্বান জানান।  
একটেলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ  
নাসির বিন বাহরামের সভাপতিত্বে আয়োজিত  
এ বৃত্তি প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো  
বক্তব্য রাখেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ডিসি  
প্রফেসর ডঃ জামিলুর রেজা চৌধুরী, ঢাকার  
মালয়েশিয়ান হাইকমিশনার আশারী বিন সানী,  
একটেলের পরিচালক সানাহ উদ্দিন কামরুজ  
বান, এ কে বান কোম্পানীর চেয়ারম্যান এ কে  
শামসুদ্দীন বান, মোবাইল ইসলাম ও বৃত্তিপ্রাপ্ত  
ছাত্রী নওশীন রাহিজা বান।